46

দৈনিক বাংলা

তারিখ ...

পৃষ্ঠা

# ঢাকা বোর্ডের এইচএসসির ফল প্রকাশ ঃ পাসের হার ৪২.৪৫

**স্টাফ রিপোর্টার ঃ** ঢাকা বোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফল শনিবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৪২ দশমিক ৪৫ ভাগ।

চলতি বছর ঢাকা বোর্ডে এক লাখ ৫৩ হাজার ৫৫১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। মোট পাস করেছেন ৬৫১৮৮ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১৫ হাজার ৮৮৬ জন, দ্বিতীয় বিভাগে ৩৮ হাজার ১৩৮ জন এবং ১১ হাজার ১৬৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন।

বিজ্ঞান, কৃষি ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ২৮ হাজার ৫১২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পাস করেছেন ১৭ হাজার ৬৪৮ জন। পাসের হার শতকরা ৬১ দশমিক ৯০ ভাগ। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগে আট হাজার ৪২৫ জন, দ্বিতীয় বিভাগে আট হাজার ৪৯৬ জন এবং তৃতীয় বিভাগে ৭২৭ জন পাস করেছেন।

মানবিক, ইসলামিক স্টাডিজ ও সংগীত বিভাগে ৯৫ হাজার ৫৯৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। পাস করেছেন ৩৪ হাজার ৯১ জন। পাসের হার শতকরা ৩৫ দশমিক ৬৬ ভাগ। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগে চার হাজার ১১৯ জন, দ্বিতীয় বিভাগে ২১ হাজার ১১৩ জন এবং তৃতীয় বিভাগে আট হাজার ৮৫৯ জন পাস করেছেন।

বাণিজ্য বিভাগে ২৯ হাজার ৪৪৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। পাস করেছেন ১৩ হাজার ৪৪৯ জন। পাসের হার শতকরা ৪৫ দশমিক ৬৭ ভাগ। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগে তিন হাজার ৩৪২ জন, দ্বিতীয় বিভাগে আট হাজার ৫২৯ জন এবং তৃতীয় বিভাগে এক হাজার ৫৭৮ জন পাস করেছেন।

সম্মিলিত মেধা তালিকায় বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগে প্রথম

(... এর পৃঃ ... এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ডে এইচএসসির ফল

(প্রথম পৃষ্ঠার পর)

স্থান অধিকার করেছেন ঢাকা কলেজের আশফাক রহমান। তিনি চারটি বিষয়ে লেটারসহ মোট ৯৬৭ নম্বর পেয়েছেন। যৌথভাবে দ্বিতীয় স্থান অধিকার করেছেন ঢাকা কলেজের মোহাম্মদ আহসানুল আদিব এবং খন্দকার মোহাম্মদ ইশতিয়াক। তাঁরা উভয়ে ৯৫৮ নম্বরসহ চারটি বিষয়ে লেটার পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার [illegible] একই কলেজের মোহাম্মদ খায়রুল ইসলাম। তিনি চারটি বিষয়ে লেটারসহ মোট ৯৫৮ নম্বর পেয়েছেন।

মানবিক, ইসলামিক স্টাডিজ ও সংগীত গ্রুপে প্রথম স্থান অধিকার করেছেন রাইফেলস পাবলিক কলেজের নাদিয়া রওশন। তিনি তিনটি বিষয়ে লেটারসহ মোট ৯১০ নম্বর পেয়েছেন। দ্বিতীয় স্থান অধিকার করেছেন ঢাকা কলেজের মোহাম্মদ দেলোয়ার হোসেন। তিনি চারটি বিষয়ে লেটারসহ মোট ৮৮৮ নম্বর পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার করেছেন সৈয়দ আবুল হোসেন কলেজের মোহাম্মদ আমীর হোসেন। তিনি তিনটি বিষয়ে লেটারসহ ৮৮৫ নম্বর পেয়েছেন।

বাণিজ্য গ্রুপে প্রথম স্থান যৌথভাবে অধিকার করেছেন ঢাকা কমার্স কলেজের হুমাইরা মতিন এবং ভিকারুন্নিসা নুন কলেজের রাবেয়া বেগম। তাঁরা উভয়েই দুটি বিষয়ে লেটারসহ মোট ৮৪৭ করে নম্বর পেয়েছেন। দ্বিতীয় স্থান অধিকার করেছেন ঢাকা সিটি কলেজের জেমস বকুল সরকার। তিনি দুটি বিষয়ে লেটারসহ ৮৪০ নম্বর পেয়েছেন। তৃতীয় স্থান অধিকার করেছেন ঢাকা কমার্স কলেজের তানজিলা হক। তিনি দুটি বিষয়ে লেটারসহ ৮৩৬ নম্বর পেয়েছেন।